# Times Today BD

কাওসার আহমেদ | ক্যাম্পাস | 20 April, 2025

আসন্ন ২০২৪-২৫ শিক্ষাবর্ষের গুচ্ছভুক্ত ১৯টি বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষা শুরু হচ্ছে আগামী ২৫ এপ্রিল।এই পরীক্ষায় অংশ নিতে দেশের বিভিন্ন প্রান্ত থেকে আগত শিক্ষার্থীদের সহায়তা দিতে প্রস্তুত নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (নোবিপ্রবি) শাখা ছাত্রদল।

রবিবার (২০ এপ্রিল) নোয়াখালী জেলা পুলিশ সুপারের কার্যালয়ের সামনে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এসব তথ্য জানান নোবিপ্রবি ছাত্রদলের আহ্বায়ক নূর হোসেন বাবু।

তিনি বলেন, "বাংলাদেশে প্রতিটি ভর্তি পরীক্ষার সময় ছাত্রদল পরীক্ষার্থী ও অভিভাবকদের পাশে থাকার চেষ্টা করে।শুধু বিশ্ববিদ্যালয় পর্যায়ে নয়, চলমান এসএসসি পরীক্ষায়ও আমরা সুবর্ণচর ও নোয়াখালী সদরে হেল্প ডেস্ক পরিচালনা করেছি।পরীক্ষার্থীদের জন্য বাইক সার্ভিস, পানি সরবরাহ এবং অভিভাবকদের জন্য হালকা নাস্তার ব্যবস্থা করেছি।"

তিনি আরও বলেন, "৫ আগস্টের পর থেকে ছাত্রদল আরও ব্যাপকভাবে শিক্ষার্থীবান্ধব রাজনীতি করছে।এরই ধারাবাহিকতায় নোবিপ্রবিতে অনুষ্ঠিতব্য গুচ্ছ ভর্তি পরীক্ষায় অংশ নিতে আগত শিক্ষার্থীদের সার্বিক সহযোগিতা করা হবে।"

নোবিপ্রবি ছাত্রদলের পক্ষ থেকে জানানো হয়, আগত পরীক্ষার্থীদের জন্য রাতের আবাসন, খাবারের ব্যবস্থা, সকালবেলা পরীক্ষাকেন্দ্রে পৌঁছে দেওয়ার জন্য যানবাহন এবং পরীক্ষার পর ভর্তি সংক্রান্ত সহায়তা প্রদান করা হবে।এছাড়া যেসব শিক্ষার্থী ভর্তি হলেও আবাসন সংকটে পড়বেন, তাদের জন্য মেস খুঁজে দেওয়া বা থাকার ব্যবস্থা করতেও প্রস্তুত ছাত্রদল।

আহ্বায়ক বাবু বলেন, "নোয়াখালীর মানুষ অতিথিপরায়ণ।আমরা চাই আগত শিক্ষার্থীরা যেন

কোনো ধরনের সমস্যায় না পড়েন।ছাত্রদল সর্বোচ্চ আন্তরিকতা নিয়ে পাশে থাকবে।'

ছাত্রদল ভর্তি পরীক্ষা

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 16:43

URL: https://www.timestodaybd.com/campus/1147775807